দৈনিক ইনকিলাব

APR. 01 2002

তারিখ ..................
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৪ ......

# ঢাকা ভার্সিটির ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সুবর্ণ জয়ন্তী পালিত

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সুবর্ণ জয়ন্তী উৎসবের উদ্বোধনী অনুষ্ঠান উক্ত বিভাগ ও ঢাকাস্থ বৃটিশ কাউন্সিলের 'কানেকটিং ফিউচার্স' কর্মসূচীর যৌথ উদ্যোগে গত শুক্রবার ঢাকার নিউ ইস্কাটন রোডস্থ বাংলাদেশ ইনস্টিটিউট অব এডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (BIAM) মিলনায়তনে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে দিনব্যাপী এই সুবর্ণ জয়ন্তী উৎসবের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আনোয়ারউল্লাহ চৌধুরী এবং অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি অধ্যাপক জেড এন তাহমিদা বেগম। ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক পারভীন হাসানের সভাপতিত্বে এ উপলক্ষে যুক্তরাজ্যের অক্সফোর্ড সেন্টার ফর ইসলামিক স্টাডিজের পরিচালক প্রফেসর ফারহান এ নিজামি 'দি রোল অব ইসলামিক হিস্ট্রি' শীর্ষক বক্তৃতা প্রদান করেন।